

ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার
বিচারের দাবীতে
স্মারকলিপি পেশ
(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)
ছাত্রী মিছিলে হামলা ও কনক
হত্যাসহ ক্যাম্পাসে সৃষ্ট সকল
সন্ত্রাসী ঘটনার বিচারের দাবীতে
ছাত্রলীগ (হা-অ) গত শনিবার
ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের
নিকট স্মারকলিপি পেশ করিয়াছে।
সকাল ১১টায় কলাভবনে বিকোভ
মিছিল শেষে এই স্মারকলিপি
পেশ করা হয়। ভিসির অনুপস্থি-
তিতে প্রো-ভিসি প্রফেসর ডঃ এমাজ
উদ্দিন আহমেদ স্মারকলিপি গ্রহণ
করেন। স্মারকলিপিতে অবিলম্বে
ছাত্রী মিছিলে হামলাসহ সকল সন্ত্রাসী
ঘটনার বিচার দাবী করা হয়।